

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ২৮৫

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭. সালাত সম্পাদনের পদ্ধতি - যে মুসল্লী কুরআন ভালভাবে পড়তে জানে না তার বিধান

আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي أَوْفَى _رَضِيَ اللَّهُ عَنْهُمَا _ قَالَ: جَاءَ رَجُلٌ إِلَى النَّبِيِّ _ صلى الله عليه وسلم _ فَقَالَ: إِنِّي لَا أَسْتَطِيعُ أَنْ آخُذَ مِنَ الْقُرْآنِ شَيْئًا, فَعَلِّمْنِي مَا يُجْزِئُنِي [مِنْهُ]. قَالَ: «سُبْحَانَ اللَّه, وَالْحَمْدُ لِلَّه, وَلَا إِلَهَ إِلَّا اللَّهُ، وَاللَّهُ أَكْبَرُ, وَلَا حَوْلٌ وَلَا قُوَّةً إِلَّا بِاللَّهِ الْعَلِيِّ الْعَلِيِّ الْعَظِيمِ ... ». الْحَدِيثَ. رَوَاهُ أَحْمَدُ, وَأَبُو دَاؤُدَ, وَالنَّسَائِيُّ, وَصَحَّحَهُ ابْنُ حِبَّانَ, وَالدَّارَقُطْنِيُّ, وَالْحَاكِمُ

حسن. رواه (4/ 353و356)، وأبو داود (832)، والنسائي (2/ 143)، وابن حبان (1808)، والدارقطني (1/ 313)، والحاكم (1/ 241) من طريق إبراهيم السكسكي، عن ابن أبي أوفى. وزادوا جميعا إلا النسائي وابن حبان. «قال: يا رسول الله! هذا لله عز وجل فما لِيَ؟ قال: قل اللهم ارحمني وارزقني، وعافني، واهدني. فلما قام قال هكذا بيده. فقال رسول الله حصلى الله عليه وسلم: أما هذا فقد ملاً يده من الخير». قلت: والسكسكي مُتَكَلَّمُ فيه، ولكنه متابع

বাংলা

২৮৫. 'আবদুল্লাহ্ বিন আবৃ 'আউফাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, কোন এক ব্যক্তি নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে বলল- 'আমি কুরআনের কোন অংশ গ্রহণে (মুখস্থ করতে) সক্ষম নই, তাই আমাকে এমন কিছু শিখিয়ে দেন যা আমার জন্য যথেষ্ট হয়। নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেন, তুমি বলবে, 'সুবহানাল্লাহ', 'আলহামদু লিল্লাহ' ওয়ালা ইলাহা ইল্লাল্লাহ্ ওয়াল্লাহ্ আকবার, ওয়ালা হাওলা ওয়ালা কুওয়াতা ইল্লা



বিল্লাহিল 'আলিয়্যিল 'আযীম। (সংক্ষিপ্ত) ইবনু হিব্বান, দারাকুৎনী ও হাকিম। এটিকে সহীহ বলেছেন।[1]

ফুটনোট

[1] হাসান। আবূ দাউদ ৮৩২, আহমাদ ১৮৬৩১, নাসায়ী ৯২৪, ইবনু হিব্বান ১৮০৮, দারাকুতনী (৩/৩০ হাঃ ১), হাকিম (১/২৪১), নাসায়ী ও ইবনু হিব্বান ব্যতীত সকলেই এ কথা বৃদ্ধি করেছেন- "হে আল্লাহর রাসূল! এটাতো আল্লাহর জন্য। আমার জন্য কী? তিনি বলেন, তুমি বল, হে আল্লাহ! আমার প্রতি রহম কর, আমাকে রিযিক দান কর। আমাকে ক্ষমা কর, আমাকে হেদায়েত কর। অতঃপর সে দাঁড়িয়ে বলল, এটাও তো তাঁরই হাতে রইল। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, এতটুকুই তার হাতকে কল্যাণে পরিপূর্ণ করে দিবে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আবূ আওফা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন